

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রীর সাথে ভারতীয় হাই কমিশনারের সাক্ষাৎ

ঢাকা, ৪ মার্চ ২০১৮

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়্যা, বীরবিক্রম, এমপিএর সাথে আজ সচিবালয়ের কার্যালয়ে সাক্ষাৎ করেন বাংলাদেশে ভারতীয় হাই কমিশনার হর্ষ বর্ধন শিংলা।

সাক্ষাৎকালে তারা রোহিঙ্গা বিষয়ে পরস্পর মতবিনিময় করেন। এসময় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মোঃ রিয়াজ আহমেদ, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ মোহসীন, রোহিঙ্গা ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মোঃ আবুল কালাম উপস্থিত ছিলেন।



মন্ত্রী হাই কমিশনারকে অবহিত করেন যে, বাংলাদেশে ঘূর্ণিঝড়ের মৌশুম আগত। ঘূর্ণিঝড়ে রোহিঙ্গা ক্যাম্পে প্রথমদিকে নির্মিত ও পাহাড়ের ঢালে নির্মিত সেন্টারগুলো ক্ষতিগ্রস্ত হতে পারে। এ জন্য প্রায় ২৫ হাজার পরিবার অন্যত্র সরিয়ে নেয়া প্রয়োজন। ঘূর্ণিঝড় সহনশীল নতুন সেন্টার নির্মাণে ভারতের সহযোগিতা চান মন্ত্রী। আগামী বর্ষকে সামনে রেখে ক্যাম্পের মহিলা ও শিশুদের জন্য শিশুখাদ্য, শুকনো খাবার, গামবুট, রেইনকোট ইত্যাদির সহায়তা চান তিনি। বিশেষ করে ৩০ হাজার গর্ভবতী মহিলার ডেলিভারী সামগ্রী জরুরী ভিত্তিতে প্রয়োজন বলে মন্ত্রী উল্লেখ করেন। তিনি বলেন রোহিঙ্গারা জ্বালানীর জন্য পাহাড়ি এলাকার গাছপালা কেটে উজাড় করে ফেলেছে। জরুরী ভিত্তিতে জ্বালানীর সংস্থান না হলে রোহিঙ্গা ক্যাম্পে বর্ষাকালে রান্নাবান্নার চরম সংকট তৈরী হবে বলে মন্ত্রী হাই কমিশনারকে অবহিত করেন।

রোহিঙ্গা ক্যাম্পে বর্ণিত বিষয়গুলো খুবই মানবিক উল্লেখ করে হাই কমিশনার বলেন রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে বাংলাদেশ বিশেষ এক অসাধারণ ভূমিকা পালন করেছে। শিশুখাদ্য, জ্বালানী, শুকনো খাবার, গামবুট, রেইনকোট ও নতুন তাবু নির্মাণে ভারত সহযোগিতা করবে বলে হাই কমিশনার মন্ত্রীকে অবহিত করেন। এ সময় মন্ত্রী বলেন,

রোহিঙ্গাদের মানবিক কারনে বাংলাদেশ আশ্রয় দিয়েছে। এদের ফিরিয়ে নিতে ভারতের অব্যহত ও অধিকতর চাপ প্রয়োগের জন্য হাই কমিশনারকে অনুরোধ করেন মন্ত্রী। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের পাশে থাকবে বলে হাই কমিশনার তাদের অবস্থান পুনর্ব্যক্ত করেন।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)

সিনিয়র তথ্য অফিসার

০১৯৪৩৪৪৬৩২৩